



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট

E-mail: gwcsyl@gmail.com, Phone: 0821-714564
www.sgwc.edu.bd, EIIN: 130453



তারিখ: ২৩-০২-২০২৩খ্রি.

৪র্থ বর্ষ অনার্স পরীক্ষা-২০২১ ফরম পূরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স ৪র্থ বর্ষ -২০২১ সালের পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

যে সমস্ত পরীক্ষার্থী উক্ত পরীক্ষায় অংশ গ্রহণে যোগ্য বলে বিবেচিত হবে:

ক) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিবন্ধিত যে সকল শিক্ষার্থী ২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিবন্ধিত যে সকল পরীক্ষার্থী অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা ২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় এ সকল কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে।

গ) ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে।

ফরম পূরণ প্রক্রিয়া: ফরমপূরণ কার্যাবলী নিম্নলিখিত সময়সূচি মোতাবেক সম্পন্ন হবে। আবেদনকারীকে নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/honours প্রবেশ করে নিজ রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েব সাইটের নির্দেশনা অনুযায়ী আবেদন ফরমপূরণ করতে হবে। পূরণকৃত আবেদন ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও ফি উল্লেখ থাকবে। আবেদন ফরম পূরণ সম্পন্ন হলে অনলাইন থেকে একটি ফরম প্রিন্ট করে নিতে হবে এবং সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। অনুরূপদ্ধতিতে অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীরা নির্ধারিত তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণপূর্বক পরীক্ষার ফরমপূরণ করতে পারবে।

ফরম পূরণের সময়সূচি:

আবেদন ফরমপূরণ ও জমাদানের সময়সূচি :

অনার্স বিষয়	তারিখ	সময়
ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস	০১-০৩-২০২৩ খ্রি:	সকাল ০৯.৩০ থেকে দুপুর ১২.০০ টা
বাংলা, সমাজকর্ম, ইসলামের ইতিহাস, দর্শন।	০২-০৩-২০২৩ খ্রি:	

পরীক্ষার ফিস প্রদানের প্রক্রিয়া: আবেদনকারীকে Trust Axiata Pay (tap) এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফিস ও কলেজের সেশন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিয়ে স্ব-স্ব বিভাগে প্রিন্টকৃত কপি জমা দিতে হবে। বিবরণী ফরমে বিষয় কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা তা দেখার জন্য পরীক্ষার্থীদেরকে স্ব-স্ব বিভাগে যোগাযোগ করতে বলা হলো।

ফিসের হিসাব :

ক্রমিক নং	বিষয়ের নাম	জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি (প্রতি শিক্ষার্থী)	ব্যবস্থাপনা ফি (প্রতি শিক্ষার্থী)	কেন্দ্র ফি (প্রতি শিক্ষার্থী)	মোট (প্রতি শিক্ষার্থী)
১	২	৩	৪	৫	৬
০১.	অনার্স সকল বিষয়	ফরমে উল্লেখিত টাকার পরিমাণ	৫০/-	৪৫০/=	ফরমে উল্লেখিত টাকার পরিমাণ + ৫০০/- টাকা + (সেশন ফি ২,৯৬৪/- টাকা প্রযোজ্য ক্ষেত্রে)

সমাজকর্ম বিষয়ের পরীক্ষার্থীদেরকে মাঠকর্ম পরীক্ষার ফি বাবদ ফরম পূরণের ফি ব্যতীত ১০০০/- (এক হাজার টাকা) বিভাগে জমা দিতে হবে।

- বিঃ দ্রঃ ১। ফরমপূরণের সময় নন মেজর কোর্স নির্বাচনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে ভুল বিষয় কোড নির্বাচন করলে তা সংশোধন করা হবে না।
 ২। নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরমপূরণের সুযোগ থাকবে না।
 ৩। যারা পূর্ব নির্ধারিত তারিখে কলেজের সেশন ফি পরিশোধ করেনি তারা পরীক্ষার ফির সাথে সেশন ফি বাবদ ২,৯৬৪/- (দুই হাজার নয়শত টাকা) জমা দিয়ে ফরম পূরণ করতে হবে। অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে যারা পূর্ববর্তী অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করেনি তারা পরীক্ষার ফির সাথে পূণভর্তি ফি বাবদ ২,৯৬৪/- (দুই হাজার নয়শত টাকা) জমা দিয়ে ফরম পূরণ করতে হবে।

পরীক্ষার ফি জমা দানের নিয়মাবলী:

Trust Axiata Pay (tap) ১% চার্জসহ পরীক্ষার ফি পরিশোধের জন্য <http://fee.com.bd/sygcw> প্রবেশ করে নিজস্ব (tap) account থেকে রেজি: নম্বর ও মোবাইল নম্বর লিখে ফি পরিশোধ করতে হবে।


আবেদন ফরম এর সাথে যেসব কাগজপত্র জমা দিতে হবেঃ

- ০১। দুই কপি পাসপোর্ট সাইজ ছবি।
- ০২। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (০১টি)।
- ০৩। মানোনয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পূর্ববর্তী পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

নিশ্চায়নের শেষ তারিখ: বিভাগ কর্তৃক ইনকোর্স নম্বর প্রদান এবং নিশ্চায়নের শেষ তারিখ ১৫-০৩-২০২৩ খ্রি:।

বি: দ্র: ফরমপূরণের সময় নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ইনকোর্স নম্বর সংশ্লিষ্ট কমিটি বরাবর প্রেরণ করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ জানানো হলো।

অধ্যক্ষ মহোদয়ের নির্দেশক্রমে


(মোছা: তাহমিনা আক্তার)

আহবায়ক

৪র্থ বর্ষ অনার্স পরীক্ষা কমিটি- ২০২১
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট